

আনিসুল হক অনুকরণীয় হয়ে থাকবেন : খন্দকার মোশাররফ

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, মেয়র আনিসুল হক জনপ্রতিনিধিদের জন্য অনুকরণীয় হয়ে থাকবেন।

তিনি বলেন, আনিসুল হক মাত্র দুই বছরে ঢাকা মহানগরীর জন্য যা করেছেন তা অবিস্মরণীয়। মেয়র হিসেবে তিনি ছিলেন দিকপাল।

গুলশানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অফিসে আজ সন্ধ্যায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আয়োজিত প্রয়াত মেয়র আনিসুল হকের আত্মার মাগফেরাত কামনায় আয়োজিত দোয়া মাহফিল ও স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র ওসমান গণির সভাপতিত্বে স্মরণ সভায় অন্যান্যের মধ্যে স্থানীয় সরকার বিভাগের সচিব আব্দুল মালেক,

জনপ্রতিনিধি ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন, এরকম সফল মানুষ এ যুগে বিরল। তিনি সর্বগুণে গুণান্বিত উদ্যোগী, বিচক্ষণ ও কর্মদক্ষ মানুষ ছিলেন। তিনি মাত্র দুই বছর সাত মাসে কর্মের মাধ্যমে প্রমাণ করে গেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোগ্য ব্যক্তিকেই ঢাকার মেয়র হিসেবে মনোনয়ন দিয়েছিলেন।

তিনি বলেন, আনিসুল হক দায়িত্বে থেকে অত্যন্ত সাবলীলভাবে সাহসিকতার সাথে অসম্ভব কাজকে সম্ভব করে গেছেন।

এসময় মন্ত্রী তেজগাঁওয়ের রাস্তায় অবৈধ দখল উচ্ছেদ, গাবতলীতে যাতায়াত সহজীকরণে তার সাহসিকতার কথা উল্লেখ করেন। পরে দোয়া-মাহফিল ও মোনাজাতের মাধ্যমে মরহুমের আত্মার মাগফেরাত কামনা করা হয়।